



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-বিবিধ/৮১৩

তারিখ: ১৮/০৮/২০১৬

## বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ম্যানুয়াল পদ্ধতিতে বিশেষ বিবেচনায় ভর্তি সংক্রান্ত।

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে জানানো যাচ্ছে যে, যেসব শিক্ষার্থী এখনও ২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে কোথাও ভর্তি হতে পারেনি শুধুমাত্র তাদেরকে আগামী ২১/০৮/২০১৬ তারিখ থেকে ২৩/০৮/২০১৬ তারিখের মধ্যে প্রতিষ্ঠানে আসন খালি থাকা এবং ন্যূনতম জিপিএ শর্ত পূরণ সাপেক্ষে ম্যানুয়াল পদ্ধতিতে ভর্তি করা যাবে। উল্লেখ্য, এক্ষেত্রে অধ্যক্ষ মহোদয়কে শিক্ষার্থীর কোন কলেজে ভর্তি না হওয়ার বিষয়ে নিশ্চিত হয়ে ভর্তি করতে হবে। যে সকল শিক্ষার্থী ইতিমধ্যে কোন কলেজে ভর্তি হয়েছে তারা নতুন করে অন্য কোন কলেজে ভর্তি হতে পারবে না। ভর্তিকৃত শিক্ষার্থীরা পরবর্তীতে ছাড়পত্রের মাধ্যমে কলেজ পরিবর্তন করতে পারবে।

ম্যানুয়াল পদ্ধতিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য নিম্নের ছক আকারে আগামী ২৮/০৮/২০১৬ তারিখের মধ্যে বোর্ডের কলেজ শাখায় জমা দিতে হবে।

নমুনা ছক: (সকল তথ্য ইংরেজিতে দিতে হবে)

কলেজের নাম ও ঠিকানা:

ইআইআইএন:

| Sl. No. | Student's Name | SSC Roll, Board, Passing Year | SSC Registration | GPA | Group Name | Class Roll |
|---------|----------------|-------------------------------|------------------|-----|------------|------------|
|---------|----------------|-------------------------------|------------------|-----|------------|------------|

(বিঃ দ্রঃ একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বোর্ডে প্রেরণ, বিষয় ও গ্রুপ পরিবর্তন, ছাড়পত্রের সময়সূচি এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট বোর্ডে জমা প্রদানের বিষয়ে পরবর্তীতে ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে নোটিশের মাধ্যমে জানানো হবে।)

চেয়ারম্যানের নির্দেশক্রমে

  
২৮/০৮/২০১৬

ড. মোঃ আশফাকুস সালেহীন

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ঢাকা।

